



জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মেলান্দহ, জামালপুর-২০১২
ওয়েবসাইট: www.jstu.ac.bd



স্মারক নং: ৩৭.০১.০০৪৪.০৬১.০৬.০০১.২৬.৯৯

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩৩
১৯ সেপ্টেম্বর ২০২৬

ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে অত্র বিশ্ববিদ্যালয়ে ডেঙ্গু প্রতিরোধে ক্যাম্পাসের সার্বিক পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করা হলো।

একই সাথে, ডেঙ্গু প্রতিরোধে ক্যাম্পাসের সার্বিক পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করতে একাডেমিক ভবনের স্ব-স্ব বিভাগ ছাড়াও হল, প্রশাসনিক ভবনসহ বিভিন্ন অফিস ভবনের আঙ্গিনায়, ছাদে এবং আশ-পাশের স্থানগুলোতে এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিত করে নিজস্ব উদ্যোগে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের সম্পৃক্ত করে নিয়মিত এবং সমন্বিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
রেজিস্ট্রার

স্মারক নং: ৩৭.০১.০০৪৪.০৬১.০৬.০০১.২৬.৯৯

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩৩
১৯ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। বিভাগীয় চেয়ারম্যান, সিএসই/ইইই/গণিত/ফিশারিজ/ব্যবস্থাপনা/সমাজকর্ম/জিওলজি বিভাগ, জাবিপ্রবি,
(সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য অনুরোধসহ);
- ০২। প্রভোস্ট (ভারপ্রাপ্ত), বিজয়-২৪/অপরাজিতা হল, জাবিপ্রবি; (শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)
- ০৩। প্রক্টর (ভারপ্রাপ্ত), প্রক্টর কার্যালয়, জাবিপ্রবি;
- ০৪। দপ্তর/শাখা প্রধান (সকল), জাবিপ্রবি, (আপনার বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য অনুরোধ করা হলো);
- ০৫। অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল, (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৬। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৭। ব্যক্তিগত সহকারী, রেজিস্ট্রার দপ্তর, জাবিপ্রবি;
- ০৮ নোটিশ বোর্ড, সকল, জাবিপ্রবি;
- ০৯। নথি/মহানথি।

১৯.০৯.২০২৬

রেজিস্ট্রার

ফোন: +৮৮০২২২৩৩৭৭৫০৩

ই-মেইল: registrar@jstu.ac.bd